



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

স্মারক নং-১৪.৩২.০০০০.৭০২.৪৫.৬৬৮.১৯.১৫

তারিখঃ ০৫-০১-২০২০


আইএসপি লাইসেন্স বাতিল সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) হতে ইস্যুকৃত আইএসপি লাইসেন্স এর শর্তানুযায়ী লাইসেন্সধারী প্রতিষ্ঠানসমূহের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্সের মেয়াদ ০৫ (পাঁচ) বছর উত্তীর্ণ হওয়ার ১৮০ (একশত আশি) দিন পূর্বেই পরবর্তী মেয়াদের জন্য নবায়নের আবেদন করার বিধান রয়েছে। নিম্নবর্ণিত ISP লাইসেন্সধারী প্রতিষ্ঠানসমূহ তাদের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্সের কার্যকারিতার মেয়াদ উত্তীর্ণ হওয়ায় পরেও লাইসেন্স নবায়নের জন্য কোন আবেদন না করায় উক্ত প্রতিষ্ঠানসমূহের অনুকূলে ইস্যুকৃত ISP লাইসেন্স অবৈধ ও অকার্যকর। সুতরাং, উক্ত মেয়াদ উত্তীর্ণ লাইসেন্সসমূহের অধীনে সকল কার্যক্রম সম্পাদন করা হবে অবৈধ এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর অধীনে শাস্তিযোগ্য অপরাধ।

বর্ণিত অবস্থায়, মেয়াদ উত্তীর্ণ আইএসপি লাইসেন্সের আর কোন বৈধতা না থাকায় নিম্নবর্ণিত লাইসেন্সসমূহ কমিশনের অনুমোদনক্রমে এতদ্বারা বাতিল করা হল। লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের নাম, লাইসেন্স নম্বর, মেয়াদ উত্তীর্ণের তারিখ এবং লাইসেন্সের ধরণ নিম্নে দেয়া হলঃ

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম	লাইসেন্স নম্বর ও ইস্যুর তারিখ	মেয়াদ উত্তীর্ণের তারিখ	লাইসেন্সের ধরণ
১.	M/s. Lushai System	BTRC/LL/ISP-South East(74)Lushai /2011-71 Date: 24-Oct-2011	05-11-2016	ISP-Zonal (South-East Zone)
২.	M/s. Netbee Online	BTRC/LL/ISP-South West(75)Netbee/20011-72 Dated: 01-02-2012	31-01-2017	ISP-Zonal (South-West Zone)
৩.	Global Network	BTRC/LL/ISP-South West(85)Global/2013-85 Dated: 23-Sep-2013	22-09-2018	ISP-Zonal (South-West Zone)
৪.	M/s. Mynet	BTRC/LL/ISP-North East(30)My Net/2008-24 Dated: 22-07-2008.	18-09-2011	ISP-Zonal (North-East Zone)
৫.	M/s. S. Ahmed Computers & printers	BTRC/LL/ISP-North East(54)S. Ahmed/2009-51, Date: 27-08-2009	27-05-2017	ISP-Zonal (North-East Zone)
৬.	M/s. Sky Link ISP	BTRC/LL/ISP-North West(66)Skylink/2010-61 Dated: 04-07-2010	03-07-2015	ISP-Zonal (North-West Zone)
৭.	Star Allics (pvt.) Ltd.	BTRC/LL/ISP-North West(80)SAPL/2012-76 Dated: 26-04-2012	25-04-2017	ISP-Zonal (North-West Zone)
৮.	Super Net BD Ltd.	BTRC/LL/ISP-North West(90)Super/2013-84 Dated: 23-09-2013	22-09-2018	ISP-Zonal (North-West Zone)

উপরিষ্কারিত প্রতিষ্ঠাসমূহের আইএসপি সংশ্লিষ্ট সকল প্রকার কার্যক্রম অনতিবিলম্বে বন্ধের জন্য নির্দেশ প্রদান করা হলো এবং একইসাথে প্রতিষ্ঠানসমূহের নিকট কমিশনের নিকট সকল পাওনা বকেয়া অত্র বিজ্ঞপ্তি জারীর তারিখ হতে আগামী ১ (এক) মাসের মধ্যে পরিশোধের জন্য নির্দেশ প্রদান হ'ল। অন্যথায়, বর্ণিত প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এবং Public Demand Recovery Act, 1913 এর বিধান মোতাবেক মামলা দায়ের সহ অন্যান্য প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



(আফতাব মোঃ রাশেদুল ওয়াদুদ)

পরিচালক (লাইসেন্সিং)

লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন